23 AUG 1990
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৮

দৈনিক খবর

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংঘর্ষ : ৬ জন আহত

ময়মনসিংহ, ২২শে আগস্ট (নিজস্ব সংবাদদাতা)।– পূর্ব শত্রুতা ও আসন দখলকে কেন্দ্র করে গতকাল গভীর রাতে ময়মনসিংহে কৃষি বিশ্ববিদ্যালয়ের দু'দল ছাত্রের সশস্ত্র সংঘর্ষে ৬ জন আহত হয়েছে। আহতদের মধ্যে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সমর্থক

শেষ পৃষ্ঠায় ৫ম কলামে

## কৃষি বিশ্ববিদ্যালয়ে

প্রথম পৃষ্ঠার পর

কৃষি প্রকৌশল অনুষদের প্রথম বর্ষের ছাত্র আজাদকে গুরুতর অবস্থায় ময়মনসিংহ মেডিকেলে ভর্তি করা হয়েছে।

গত আনুমানিক ১টায় বিশ্ববিদ্যালয় সোহরাওয়ার্দী হলে জাতীয়তাবাদী ছাত্রদল ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের মধ্যে এই সংঘর্ষ হয়। পরে ফজলুল হক হল, শামসুল হক হল ও ঈসা খাঁ হলে সংঘর্ষ ছড়িয়ে পড়ে। সারারাত ধরে সংঘর্ষ, দু'পক্ষের ধাওয়া, পাল্টা ধাওয়া, ইট-পাটকেল, নিক্ষেপ, ৫০ রাউন্ড গুলীবর্ষণ ও শতাধিক ককটেলের বিস্ফোরণ ঘটেছে। হলগুলোর, বেশ ক'টি কক্ষ ভাঙচুর হয়েছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজ বিকেল ৫টায় আগামীকাল দুপুর ১২টা পর্যন্ত ক্যাম্পাসে সকল প্রকার মিটিং মিছিল পরবর্তী নিষিদ্ধ ঘোষণা করেছে। তবে পরবর্তী ভর্তি পরীক্ষা যথারীতি চলবে বলে ঘোষণায় জানানো হয়। বিশ্ববিদ্যালয় চত্বরে পুলিশ মোতায়েন করা হয়েছে।